

# কবি নজরুল বিশ্ববিদ্যালয় গবেষণা সংসদ কর্তৃক কর্মশালা

অনলাইন ডেস্ক

১০ অক্টোবর ২০২৩, ০৯:৫৬ পিএম



কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে ‘Research Proposal and Column Writing: Career Planning’ নামক কর্মশালা

নজরুল বিশ্ববিদ্যালয় গবেষণা সংসদ ‘Research Proposal and Column Writing : Career Planning’ নামক একটি কর্মশালার আয়োজন করে। আজ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে এই কর্মশালার। কর্মশালায় গবেষণা প্রস্তাবনা, বিদেশে উচ্চ শিক্ষা ও কর্মসংস্থানের সুযোগ, কর্পোরেট ও চার্টার্ড একাউন্টেন্সি, মিডিয়া কাজের সুযোগ এবং প্রিন্ট নিউজে কাজের সুযোগ সম্পর্কে সম্যক ধারণা দেওয়া হয়।

গবেষণা প্রস্তাবনা বিষয়ে আলোকপাত করেছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের এগ্রিকালচারাল ইকোনমিক্স বিভাগের অধ্যাপক ড. মো. সাইদুর রহমান, বিদেশে উচ্চ শিক্ষা ও কর্মসংস্থানের সুযোগ সম্পর্কে বিস্তৃত ধারণা দিয়েছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের এগ্রিকালচারাল ইকোনোমিকস বিভাগের অধ্যাপক ড. মো. নাহিদ সান্তার এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগের অধ্যাপক ড. সামসুন নাহার। উক্ত কর্মশালায় কর্পোরেট ও চার্টার্ড একাউন্টেন্টস বিষয়ে আলোচনা করেছেন খান ওহাব এস. আর. এন্ড কো. চার্টার্ড একাউন্টেন্টস এর অংশীদার মো. কামরুজ্জামান এসিএ। মিডিয়া কাজের সুযোগ এবং প্রিন্ট নিউজে কাজের সুযোগ সম্পর্কে সম্যক ধারণা দেন এটিএন বাংলার ডেপুটি এক্সিকিউটিভ প্রোডিউসার (নিউজ) সৈয়দ শাহানশাহ রাসেল এবং আমীন আল রশীদ (সাংবাদিক, লেখক ও গবেষক) কারেন্ট অ্যাফেয়ার্স এডিটর ও সঞ্চালক, নেক্সাস টেলিভিশন। উক্ত অনুষ্ঠানের সার্বিক পৃষ্ঠপোষকতায় ছিলেন গবেষণার সংসদের উপদেষ্টা হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. শফিকুল ইসলাম।

কর্মশালার স্পন্সর হিসেবে ছিল উত্তরা ব্যাংক পিএলসি, প্রিস্টাইন ফার্মাসিটিক্যালস্ এবং গ্রামীণ উন্নয়ন কর্ম। ফটোগ্রাফার হিসেবে ছিলেন মুন ফটোগ্রাফি। সঞ্চালক হিসেবে ছিলেন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় গবেষণা সংসদের ডকুমেন্টেশন এক্সিকিউটিভ মুন্নি চৌধুরী এবং এবং তরুণ গবেষক সুমাইয়া ইসলাম সুচি।

অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অধ্যাপক ডক্টর সাখাওয়াত হোসেন সরকার এবং অধ্যাপক ডক্টর রাজু আহমেদ। বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মধ্য থেকে উপস্থিত ছিলেন অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক তানজিল হোসাইন এবং হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগের সহকারী অধ্যাপক মো. নাহিদুল ইসলাম। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেছেন গবেষণা সংসদের সভাপতি সুমন শেখ এবং সম্ভাষণ বক্তৃতায় ছিলেন গবেষণার সংসদের সাধারণ সম্পাদক আবু ইরফান।

## কবি নজরুল বিশ্ববিদ্যালয়